

প্রথম পত্র

১। যেকোন তিনটি প্রশ্নের উত্তর দাও

অ) বিদ্যাপতির কবি প্রতিভার পরিচয় দিয়ে বাংলা সাহিত্যে তাঁর অন্তর্ভুক্তির কারণ নির্দেশ কর।

আ) বাংলা মঙ্গলকাব্যধারায় মনসামঙ্গলকাব্যের বৈশিষ্ট্য নির্দেশ করে এ ধারার যে-কোন একজন কবির কৃতিত্ব বিচার কর।

ই) বাংলার সমাজে ও সাহিত্যে শ্রীচৈতন্যদেবের অবদান সম্পর্কে আলোচনা কর।

ঈ) আরাকান রাজসভার দুজন মুসলমান কবির প্রধান রচনার সংক্ষিপ্ত পরিচয় দিয়ে বাংলা সাহিত্যের ইতিহাসে তাঁদের ভূমিকা নির্দেশ কর।

উ) দীনবন্ধু মিত্রের নাট্যপ্রতিভার স্বরূপ নির্দেশ করে বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে তাঁর স্থান নির্দেশ কর।

ঊ) বাংলা গদ্যসাহিত্যের বিকাশে শ্রীরামপুর মিশন ও ফোর্ট উইলিয়াম কলেজের অবদান কতটা, আলোচনা কর।

২। যে কোন পাঁচটি গ্রন্থ সম্বন্ধে টীকা লেখ

ক) চৈতন্য চরিতামৃত

খ) অন্নদামঙ্গল

গ) আলালের ঘরের দুলাল

ঘ) কৃষ্ণকুমারী নাটক

ঙ) বিষবৃক্ষ

চ) রক্তকরবী

ছ) সারদামঙ্গল

জ) সাজাহান

ঝ) অগ্নিবীণা

ঞ) শেষ প্রশ্ন

৩। মধ্যযুগের বাংলা ভাষার লক্ষণগুলি বিবৃত কর। বাংলা ব্যঞ্জনবর্ণগুলির উচ্চারণ স্থান ও উচ্চারণের প্রকৃতি সম্বন্ধে আলোচনা কর।

৪। উদাহরণ সহযোগে শব্দার্থের পরিবর্তনে কমপক্ষে পাঁচটি কারণ সংক্ষেপে আলোচনা কর।

৫। উপভাষা বলতে কি বুঝায়? বাংলা ভাষার রাঢ়ী ও বাঙ্গালী উপভাষার লক্ষণগুলি নির্দেশ কর।

৬। উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ কর: বিপ্রকর্ষ, আদিষ্মরলোপ, সাদৃশ্য, শ্রুতিধ্বনি, বর্ণবিপর্যয়, নাসিক্যভবন

৭। ভাষা ভিত্তিক টীকা লেখ: আমি, কানু, হাসপাতাল, দাম, দাঁত, আস্তাবল, কুলুপ, পুঁথি, মাসী, চিড়া।

৮। বড়ু চন্দ্রীদাসের শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের আনুমানিক রচনাকাল, রচনা বৈশিষ্ট্য এবং ঐতিহাসিক গুরুত্ব নিরূপণ কর।

৯। কৃতিবাসী রামায়ণ কি ধরনের অনুবাদ? বাল্মীকি-রামায়ণের রূপান্তরে কৃতিবাসের কৃতিত্ব প্রদর্শন কর।

১০। চৈতন্যজীবনী গ্রন্থগুলির সংক্ষিপ্ত পরিচয়সহ, যথার্থ জীবনসাহিত্যের লক্ষণ যে গ্রন্থটির মধ্যে সর্বাধিক পরিলক্ষিত হয়, সেই গ্রন্থটির বিশদ বিবরণ দাও।

১১। ‘এই নষ্ট পরমায়ু কবির দলের গান আমাদের সাহিত্য এবং সমাজের ইতিহাসের একটি অঙ্গ’ – মন্তব্যটি অবলম্বনে ‘কবিগানে’র কয়েকজন রচয়িতা এবং তাঁদের রচনাবৈশিষ্ট্যের পরিচয় দাও।

১২। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের বিভিন্ন ধরনের বাংলা রচনার পরিচয় দিয়ে গদ্যশিল্পী হিসাবে তাঁর কৃতিত্ব আলোচনা কর।

১৩। বিহারীলাল চক্রবর্তীকে বাংলা গীতিকবিতার ইতিহাসে ‘ভোরের পাখি’ বলার তাৎপর্য বুঝিয়ে দাও।

১৪। ‘রচনা এবং সমালোচনা এই উভয় কার্যের ভার বঙ্কিম একাকী গ্রহণ করতেই বঙ্গ সাহিত্য এত স্বল্প এমন দ্রুত পরিণতি লাভ করিতে সক্ষম হইয়াছিল।’ – সংক্ষেপে যে কোন একটি ধারায় (উপন্যাস অথবা প্রবন্ধ) বঙ্কিম প্রতিভার উন্মেষ ও বিকাশের পরিচয় দাও।

১৫। আধুনিক বাংলা কাব্যধারায় নজরুল ইসলাম অথবা জীবনানন্দ দাশের ঐতিহাসিক ভূমিকা, তাঁদের প্রধান কাব্যগ্রন্থগুলির আলোচনার সাহায্যে পরিষ্কৃত কর।

১৬। যে কোন পাঁচটি গ্রন্থ সম্বন্ধে টীকা লেখ(গ্রন্থকর্তার নাম, কোন্ জাতীয় গ্রন্থ, গ্রন্থের বিষয় ও গ্রন্থটি বাংলা সাহিত্যের ইতিহাসে কেন উল্লেখযোগ্য তা লিখতে হবে)

পদ্মাবতী কাব্য, শিবায়ন, হতোম প্যাঁচার নকশা, সধবার একাদশী, জনা, বৃত্তসংহার, বিষাদসিন্ধু, চতুরঙ্গ, বীরবলের হালখাতা, হাঁসুলী বাঁকের উপকথা, ইছামতী

১৭। উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ কর

অপিনিহিত, বিষমীভবন, মূর্ধনীভবন, লোকনিরুক্তি, স্বরাগম, স্বরসংগতি

১৮। চর্ষাপদের পুঁথির আবিষ্কার, আবিষ্কারকাল, স্থান, মূল নাম ও পদকর্তার সংখ্যা উল্লেখ কর। বাংলা সাহিত্যের ইতিহাসে পুঁথিটির কাব্যমূল্য বিচার কর।

১৯। আধুনিক বাংলা কাব্যের ইতিহাসে জীবনানন্দ দাশের অবদান উল্লেখ করো।

২০। যে কোন দুটি গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাও

শ্রীকৃষ্ণকীর্তন, সতীময়না, ধর্মমঙ্গল, শ্রীরামপাঁচালী, অন্নদামঙ্গল

২১। বাংলা নাটক ও প্রহসন রচনায় দীনবন্ধু মিত্রের কৃতিত্ব বিচার করো।

২২। বাংলা ভাষার শব্দভান্ডার বিষয়ে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা কর।

২৩। আদি-মধ্য বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলি উল্লেখ কর।

২৪। প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে মধ্যভারতীয় আর্যভাষার বিবর্তন কীভাবে হয়েছে আলোচনা কর।

২৫। মধ্যযুগীয় বাংলাসাহিত্যের ধারায় আরাকান রাজসভা সাহিত্যের অভিনব স্বকোথায়? এই সূত্রে আলাওলের কবিকৃতি আলোচনা কর।

দ্বিতীয় পত্র

১। উপমা অলংকার কাকে বলে? এই অলংকারের বিভিন্ন প্রকারের নাম উল্লেখ করে উদাহরণসহ যে কোন তিনটি আলোচনা করো।

২। 'অভিসার' কাকে বলে? এই পর্যায়ে আধ্যাত্মিক তাৎপর্য বিশ্লেষণ করো এবং পাঠ্য একটি পদের কাব্যসৌন্দর্য্য পরিস্ফুট করো।

৩। পূর্বরাগ কী? বিষয়টি পরিস্ফুট করে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কাব্যকৃতি সম্পর্কে আলোচনা কর।

৪। 'তাহার কাব্যে দুঃখের উল্লেখ থাকলেও তিনি দুঃখবাদের কবি নহেন'-কবিকঙ্কন মুকুন্দ সম্পর্কে এই মন্তব্যটির যথার্থ্য বিচার কর।

৫। 'আগমনী ও বিজয়ার' বাংলার যে চিরন্তন সামাজিক সমস্যা পরিস্ফুট হয়েছে তা বিশ্লেষণ করে বোঝাও।

৬। শাক্ত পদকার হিসেবে কবি কমলাকান্ত ভট্টাচার্য-র পদের উৎকর্ষের পরিমাপ কর।

৭। গৃহীসাধক হিসেবে রামপ্রসাদ সেনের কৃতিত্ব বিচার করো।

৮। মুরারী শীল ও ভাঁড়ু দত্ত মধ্যযুগীয় বাংলা সমাজের এক নূতনস্তরের প্রতিনিধিরূপে আমাদের দৃষ্টি আকর্ষণ ক্রে- মন্তব্যটির পর্যালোচনা প্রসঙ্গে এই দুটি চরিত্রচিত্রণে কবির নৈপুণ্য বিচার করো।

৯। 'রাতি কৈনু দিবস দিবস কৈনু রাতি

বুঝিতে নারিনু বন্ধু তোমার পিরীতি।'

কোন পর্যায়ের পদ? কবি কে? মর্মার্থ লেখ।

১০। 'গিরিবর, আর আমি পারি নে হে,

প্রবোধ দিতে উমারে।"

- রচয়িতা কে? এটি কোন পর্যায়ের পদ? 'গিরিবর' বলতে কাকে বোঝানো হয়েছে? এখানে বক্তা কে?

১১। মাতুরূপা আরাধ্য দেবীকে উদ্দেশ্য করে ত্রিতাপ দক্ষ ভক্ত-সন্তানের হৃদয়াকৃতির বৈচিত্র্য ও গভীরতা শাক্তকবিদের গানে কীভাবে কতখানি অভিনব স্বকোথায় পেয়েছে আলোচনা করো।

১২। "কহিতে জানিস বেটা কপট প্রবন্ধ।

হৃদয়ে পুরিত বিষ মুখে মকরন্দ।"

- কে কাকে কথাগুলি বলেছে? উক্তিটির ভেতর দিয়ে উদ্দিষ্ট ব্যক্তির চরিত্রের কোন দিকটির আভাস পাওয়া যায়?

১৩। গৌরচন্দ্রিকা কাকে বলে? গৌরঙ্গ বিষয়ক পদের সঙ্গে গৌরচন্দ্রিকার পার্থক্য কী? তোমার পাঠ্যপদ অবলম্বন এই বিষয়ের শ্রেষ্ঠ পদকর্তার পরিচয় দাও।

তৃতীয় পত্র

- ১। উদাহরণসহ উপন্যাসের শ্রেণীবিভাগ করো এবং ঐতিহাসিক উপন্যাসের স্বরূপটি উদাহরণসহযোগে স্পষ্ট করো ।
- ২। যে কোন দুটি বিষয়ে সংক্ষেপে আলোচনা কর ।
 - ক) নবীনচন্দ্র বসুর শ্যামবাজার থিয়েটার
 - খ) পাথুরিয়াঘাটা বঙ্গনাট্যালয়
 - গ) ন্যাশনাল থিয়েটার: 'নীলদর্পনের অভিনয়
 - ঘ) সূচনা থেকে ১৮৭২ খ্রীঃ পর্যন্ত বঙ্গীয় নাট্যে যাত্রা-রঙ্গমঞ্চের প্রভাব ।
- ৩। উপযুক্ত দৃষ্টান্ত দিয়ে নভেল ও রোমান্সের পার্থক্য বিশদভাবে আলোচনা কর ।
- ৪। মনস্তাত্ত্বিক উপন্যাসের বৈশিষ্ট্য নির্দেশ করে একটি বাংলা মনস্তাত্ত্বিক উপন্যাস সম্বন্ধে আলোচনা কর ।
- ৫। ছোটগল্পের সংজ্ঞা নির্দেশ করে উপন্যাসের সঙ্গে ছোটগল্পের পার্থক্য বুঝিয়ে দাও ।
- ৬। আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্য নির্দেশ করে এই ধারার একটি সফল উপন্যাসের সংক্ষিপ্ত পরিচয় দাও ।
- ৭। রাজনৈতিক উপন্যাস বলতে কী বোঝায়? এর বৈশিষ্ট্য কী? সামাজিক উপন্যাস ও রাজনৈতিক উপন্যাসের মধ্যে যে পার্থক্য বিদ্যমান, তা পরিস্ফুট কর ।
- ৮। বাংলা সাহিত্য থেকে সংগৃহীত উদাহরণসহ উপন্যাস ও রোমান্সের প্রকৃতিগত বৈশিষ্ট্যটুকু বুঝিয়ে দাও ।
- ৯। মনস্তাত্ত্বিক উপন্যাসের সংজ্ঞা নির্ণয় করে একটি সার্থক মনস্তাত্ত্বিক উপন্যাসের পরিচয় দাও ।
- ১০। ছোটগল্পের বৈশিষ্ট্য নির্দেশ করে উপন্যাসের সঙ্গে ছোটগল্পের মূল প্রভেদ বুঝিয়ে দাও । তোমার পঠিত একটি গল্প অবলম্বনে ছোটগল্পের পরিণতি সম্পর্কে সংক্ষেপে আলোকপাত কর ।
- ১১। কোন্ কোন্ বৈশিষ্ট্যের দিকে লক্ষ্য রেখে একটি উপন্যাসকে সার্থক ঐতিহাসিক উপন্যাস বলা যায়? বৈশিষ্ট্যগুলির নিরিখে তোমার পঠিত একটি ঐতিহাসিক উপন্যাসের সাফল্য বিচার কর ।
- ১২। সামাজিক উপন্যাসের স্বরূপ পরিস্ফুট কর এবং বাংলা সামাজিক উপন্যাসের ধারায় একজন কৃতী উপন্যাসিকের একটি উপন্যাস সম্পর্কে আলোচনা কর ।
- ১৩। ঐতিহাসিক, সামাজিক, আঞ্চলিক, মনস্তাত্ত্বিক ইত্যাদি নানা রূপভেদ সত্ত্বেও উপন্যাসের এমন কিছু সাধারণ বৈশিষ্ট্য আছে, যা সব ধরণের উপন্যাসেই প্রত্যাশিত – আলোচনা কর ।
- ১৪। কোন্ কোন্ বৈশিষ্ট্যের দিকে লক্ষ্য রেখে একটি উপন্যাসকে সার্থক আঞ্চলিক উপন্যাস বলা যেতে পারে? বাংলা সাহিত্যের যে কোনো একটি আঞ্চলিক উপন্যাসের সফলতার কারণগুলি বর্ণনা কর ।
- ১৫। মনস্তাত্ত্বিক উপন্যাসের সংজ্ঞা নির্ণয় করে তোমার পঠিত একটি মনস্তাত্ত্বিক উপন্যাসের বিশিষ্টতা বুঝিয়ে দাও ।
- ১৬। কোন্ শ্রেণীর উপন্যাসকে রাজনৈতিক উপন্যাস বলে আখ্যা দেওয়া হয়? বাংলা সাহিত্যের একটি উদ্দিপনাসম্পাদককারী রাজনৈতিক উপন্যাসের আলোচনা কর ।
- ১৭। ছোটগল্পের সংজ্ঞা নিরূপণ কর । প্রকৃতি বিষয়ক একটি বাংলা ছোটগল্প বিশ্লেষণ কর ।
- ১৮। গল্পের আকারগত সংক্ষিপ্ততাই ছোটগল্পের একমাত্র বৈশিষ্ট্য নয় – বিষয়টি বিশ্লেষণ প্রসঙ্গে উপন্যাসের সঙ্গে ছোটগল্পের প্রকৃতিগত প্রভেদ নির্দেশ কর ।
- ১৯। রোমান্স বলতে কী বোঝ? একটি রোমান্সধর্মী বাংলা উপন্যাস সম্পর্কে তোমার ধারণা পরিস্ফুট কর ।
- ২০। ঐতিহাসিক উপন্যাসের সাফল্য কোন্ কোন্ বিশেষত্বের উপর নির্ভর করে? একটি বাংলা ঐতিহাসিক উপন্যাস অবলম্বনে তার সিদ্ধি ও সীমাবদ্ধতার দিকগুলি তুলে ধরো ।
- ২১। সমাজের দাবি পূরণ করে সার্থক সামাজিক উপন্যাস হয়ে উঠেছে এমন একখানি বাংলা উপন্যাস সম্পর্কে আলোচনা কর ।
- ২২। আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্য নির্দেশ করে একটি বাংলা আঞ্চলিক উপন্যাস সম্পর্কে আলোচনা কর ।
- ২৩। রাজনৈতিক উপন্যাসের সংজ্ঞা নির্দেশ করে একটি রাজনৈতিক উপন্যাস আলোচনা কর ।
- ২৪। ছোটগল্পের সংজ্ঞা নির্দেশ করে তোমার পঠিত একটি প্রকৃতি বিষয়ক ছোটগল্পের আলোচনা কর ।
- ২৫। মনস্তাত্ত্বিক উপন্যাসের লক্ষণ নির্দেশ করে একটি বাংলা মনস্তাত্ত্বিক উপন্যাসের আলোচনা কর ।
- ২৬। উদাহরণসহ রোমান্স ও উপন্যাসের পার্থক্য নির্দেশ কর ।
- ২৭। ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্য আলোচনা করে একটি বাংলা ঐতিহাসিক উপন্যাসের পরিচয় দাও ।
- ২৮। সামাজিক উপন্যাসের লক্ষণ নির্দেশ করে একটি বাংলা সামাজিক উপন্যাস সম্পর্কে আলোচনা কর ।
- ২৯। উপন্যাসের সঙ্গে ছোটগল্পের পার্থক্য ও সাদৃশ্য ব্যাখ্যা কর ।
- ৩০। মনস্তাত্ত্বিক উপন্যাসের বৈশিষ্ট্য উপযুক্ত উদাহরণের সাহায্যে বিশ্লেষণ কর ।
- ৩১। আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্য নির্দেশ সহ এই ধারার একটি সফল উপন্যাসের সংক্ষিপ্ত পরিচয় দাও ।
- ৩২। রাজনৈতিক উপন্যাসের সংজ্ঞাসহ একটি বাংলা রাজনৈতিক উপন্যাসের পরিচয় দাও ।

- ৩৩। ‘চন্দ্রশেখর’ উপন্যাসে অতিপ্রাকৃতের প্রয়োগ চরিত্র ও ঘটনাবলীর তাৎপর্য উদ্ঘাটনে কতটা সহায়ক হয়েছে তা আলোচনা কর ।
- ৩৪। “বঙ্কিমের ঘটনা সমাবেশ কৌশলের চরম বিকাশ শৈবলিনী কাহিনীর সহিত দলনী উপাখ্যানের গ্রন্থনে” – আলোচনা কর।
- ৩৫। “সত্যকার নভেলে গল্পাংশ থাকে না, থাকা উচিত নয়, চিত্তাশ্রোতের বিবরণ থাকবে” । – এই বক্তব্য কতদূর গ্রহণযোগ্য চেনাপ্রবাহ রীতির উপন্যাস প্রসঙ্গে আলোচনা কর এবং এই রীতির একটি উপন্যাসের উপর সংক্ষেপে আলোকপাত কর ।
- ৩৬। যে কোনো উপন্যাসেই সমাজচৈতন্যের প্রতিফলন ঘটে। তবু বিশেষভাবে সামাজিক উপন্যাস হিসেবে অভিহিত হওয়ার জন্য কী ধরনের বিশেষত্ব প্রয়োজন? একটি উল্লেখযোগ্য বাংলা সামাজিক উপন্যাসের পরিচয় দাও।
- ৩৭। রোমান্স এবং উপন্যাস উভয়ের মধ্যে মূলগত প্রভেদ কোন্‌খানে, তা যথোপযুক্ত উদাহরণের সাহায্যে বুঝিয়ে দাও ।
- ৩৮। ছোটগল্প জীবনের খন্ডরূপ হলেও তাতেও অখন্ডতার আভাস থাকে । প্রয়োজনীয় উদাহরণসহ বিষয়টি ব্যাখ্যা কর ।
- ৩৯। “চন্দ্রশেখর” উপন্যাসে শৈবলিনীর আত্মসংকটের কারণ ব্যাখ্যা কর । শৈবলিনী সম্পর্কে বঙ্কিমের দৃষ্টিভঙ্গীটি যথাযথ ভাবে বুঝিয়ে দাও ।
- ৪০। “আমার মৃত্যু ভিন্ন ইহার উপায় নাই- এই জন্য মরিলাম।”- কীসের উপায় খুঁজে পাওয়ার জন্য বক্তার এই মৃত্যুবরণ? তাঁর মৃত্যু কি জীবন থেকে পলায়ন? এ বিষয়ে তোমার সুচিন্তিত অভিমত দাও ।
- ৪১। ঐতিহাসিক উপন্যাস কাকে বলে? একটি উপন্যাস কীভাবে ঐতিহাসিক উপন্যাস হয়ে ওঠে তা উদাহরণসহ সংক্ষেপে বুঝিয়ে দাও ।
- ৪২। রাজনৈতিক উপন্যাস বলতে কী বোঝায়? দুটি রাজনৈতিক উপন্যাসের নাম লেখো। বাংলা সাহিত্যের একটি উল্লেখযোগ্য রাজনৈতিক উপন্যাস পর্যালোচনা কর ।
- ৪৩। আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্য কী কী? বাংলা সাহিত্যে এই ধরনের একটি উপন্যাসের আঞ্চলিকতার বৈশিষ্ট্য নিরূপণ কর।
- ৪৪। ছোটগল্পের বৈশিষ্ট্য উল্লেখ কর । উপন্যাস ও ছোটগল্পের তুলনামূলক আলোচনা কর ।
- ৪৫। “চন্দ্রশেখর” উপন্যাসের উপক্রমণিকা অংশের সার্থকতা বিচার কর ।
- ৪৬। চন্দ্রশেখরের সঙ্গে দাম্পত্যজীবনে শৈবলিনী সুখী না হওয়ার কারণ কী? তাঁর অসুখের পরিণাম কী হয়েছিল, তা আলোচনার সূত্রে শৈবলিনীর মনের জটিলতা বিশ্লেষণ কর ।
- ৪৭। “উপন্যাসের রস উপভোগ এবং তাৎপর্য উপলব্ধির জন্যে কবিতাগুলি অপরিহার্য।” – এই উদ্ধৃতির আলোকে ‘শেষের কবিতা’ উপন্যাসে ব্যবহৃত কবিতাগুলির প্রাসঙ্গিকতা নিরূপণ কর ।
- ৪৮। “শেষের কবিতার অমিত বাংলা সাহিত্যের অপূর্ব সৃষ্টি।” – উক্তিটি অবলম্বনে অমিত চরিত্রটি আলোচনা কর ।
- ৪৯। ‘শ্রীকান্ত(প্রথম পর্ব)’ উপন্যাসটিকে আত্মজীবনী বলা যায় কি না বিশ্লেষণ কর ।
- ৫০। ‘শ্রীকান্ত(প্রথম পর্ব)’ উপন্যাসে প্রকৃতির প্রসঙ্গ প্রতিটি পরিচ্ছেদেই ঘুরে ফিরে এসেছে । উপন্যাসটির বিবর্তনে ‘প্রকৃতি’-র ভূমিকা আলোচনা কর ।
- ৫১। ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসের দুইটি উল্লেখযোগ্য নারী চরিত্র বিষয়ে সংক্ষেপে আলোচনা কর ।
- ৫২। “এই নামকরণ উপন্যাসের শিল্পরূপ এবং প্রাণবন্তকে যুগপৎ প্রকাশ করেছে ।” – ‘হাডসুলী বাঁকের উপকথা’ উপন্যাস সম্পর্কে এই মন্তব্যের যথার্থ্য বিচার কর ।
- ৫৩। ‘ভবিতব্য কে খন্ডাইতে পারে? যা ঘটবার তাহা অবশ্যই ঘটিবে।’ – বক্তা কে? ভবিতব্য বলতে কী বোঝানো হয়েছে?
- ৫৪। “গুরুদেব । এ কি করিলে?” – কার উক্তি? গুরুদেব কে? কোন্‌ প্রসঙ্গে এ কথা বলা হয়েছে?
- ৫৫। “তোমাদের মিলন অক্ষয় হোক।” – কে বলেছেন? কাদের বলেছেন? উক্তিটির তাৎপর্য বিচার কর ।
- ৫৬। “সমস্ত শিলং পাহাড়ের শ্রী আজ চলে গেছে।” – প্রসঙ্গ উল্লেখপূর্বক ব্যাখ্যা কর ।
- ৫৭। “মরতে একদিন ত হবেই ভাই।” – কর উক্তি? এই উক্তিতে বক্তার চরিত্রের কোন বৈশিষ্ট্য প্রকাশিত হয়েছে দেখাও ।
- ৫৮। “দেখিলাম, বড় প্রেম শুধু কাছেই টানে না – ইহা দূরেও ঠেলিয়া ফেলে।” – উক্তিটি ব্যাখ্যা কর ।
- ৫৯। “গোটা কাহারপাড়ার আবালবৃদ্ধ বনিতা স্তম্ভিত এবং স্তব্ধ হয়ে গেল করালীর কথা শুনে...”- করালী কি বলেছিল? এতে সকলের স্তম্ভিত হওয়ার কারণ কি তা ব্যাখ্যা কর ।
- ৬০। ‘উপকথার কোপাইকে ইতিহাসের গঙ্গায় মিশিয়ে দেবার পথ কাটছে।’ – কে পথ কাটছে? কেন সে এমন করছে তা বুঝিয়ে লেখ ।
- ৬১। চেনাপ্রবাহরীতি-র উপন্যাসের মূল বৈশিষ্ট্যগুলি উল্লেখ কর । বাংলা উপন্যাস সাহিত্যে এই রীতির সার্থক ব্যবহার হয়েছে – এ ধরনের একটি উপন্যাসের সংক্ষিপ্ত আলোচনা কর ।
- ৬২। ছোটগল্পের উপসংহার অংশের গুরুত্ব উদাহরণসহ আলোচনা কর ।

চতুর্থ পত্র

- ১। রূপক ও সাংকেতিক নাটকের বৈশিষ্ট্য আলোচনা কর। প্রসঙ্গত একটি সাংকেতিক নাটকের পরিচয় দাও।
- ২। যে কোন দুটি বিষয় সম্পর্কে আলোচনা কর।
অ) প্রহসন আ) মেলাড্রামা ই) সামাজিক নাটক ঙ) থার্ড থিয়েটার
- ৩। ‘বেঙ্গলি থিয়েটার-এর সূত্রপাত কিভাবে হয়? বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে এই থিয়েটারের গুরুত্ব নির্ণয় কর।
- ৪। ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনে অভিজাত নারী চরিত্রগুলির উপস্থাপনা সমকালীন যুগচিত্রকে প্রকাশ করতে কতদূর সক্ষম হয়েছে তা আলোচনা কর।
- ৫। ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনে সংলাপ প্রয়োগের সার্থকতা বিচার কর।
- ৬। ‘ভগ্ন শিবমন্দির’ থেকে ‘বুড়ো সালিকের ঘাড়ে রোঁ’ – প্রহসনটি নাম পরিবর্তন কি জরুরি ছিল বলে মনে হয়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।
- ৭। ‘বুড়ো সালিকের ঘাড়ে রোঁ’- প্রহসনটি অপ্রধান চরিত্রগুলির জন্যই উজ্জ্বল হয়ে উঠেছে। আলোচনা কর।
- ৮। রবীন্দ্রনাথের ‘মুক্তধারা’ নাটকের সংলাপ আপাত কাব্যময়তার আড়ালে কীভাবে শোষণের বিরুদ্ধে ঝলসে উঠেছে, তা নিজের ভাষায় আলোচনা কর।
- ৯। ‘মুক্তধারা’ নাটকের অভিজিৎ-কে রবীন্দ্রনাথ বলেছেন ‘মরনেওয়ালার ভিতরকার পীড়িত মানুষ।’ চরিত্রটি বিশ্লেষণ প্রসঙ্গে মন্তব্যটির তাৎপর্য বোঝাও।
- ১০। প্রিয়নাথ মল্লিক চরিত্রটি নাট্য আয়োজনের দিক থেকে কতটা অপরিহার্য ‘টিনের তলোয়ার’ আলোচনা করে তা বোঝাও।
- ১১। ‘টিনের তলোয়ার’ নাটকের সঙ্গীতগুলির প্রাসঙ্গিকতা বোঝাও।
- ১২। ‘তুমি তো মুচির কুকুরের মত ফুলে উঠেছ দেখছি।’- কে, কাকে একথা বলেছে? কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে?
- ১৩। ‘দেখবেন লোকটা আবার ডেপুটি ম্যাজিস্ট্রেট তো, গুলি-টুলি না করে বসে’- কে, কাকে একথা বলেছে? ‘ডেপুটি ম্যাজিস্ট্রেট’ বলতে কাকে বোঝানো হয়েছে?
- ১৪। ‘আমি একদিক থেকে ব্রহ্মার সমান। আমি দেবশিল্পী বিশ্বকর্মা।’- কে কখন একথা বলেছে? উক্তিটির আলোকে বক্তার চরিত্রের কোন বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে?
- ১৫। যে কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা কর।
অ) ঐতিহাসিক নাটক আ) পৌরাণিক নাটক ই) অ্যাবসার্ড নাটক ঙ) একাক্ষ নাটক
- ১৬। বাংলা নাট্যাভিনয়ের ক্ষেত্রে নাট্য নিয়ন্ত্রণ বিল উপস্থাপনার প্রেক্ষাপট আলোচনা কর। প্রসঙ্গত বিলটির বিষয়বস্তু ও উদ্দেশ্য সম্পর্কে আলোচনা কর।
- ১৭। ‘বুড়ো সালিকের ঘাড়ে রোঁ’ প্রহসনে নাট্যকারের হাস্যরস পরিবেশনের নৈপুণ্য সম্পর্কে আলোচনা কর।
- ১৮। ‘সেইখানে তিনি যন্ত্রাসুরকে আঘাত করলেন, যন্ত্রাসুর তাঁকে সেই আঘাত ফিরিয়ে দিলে’ – কে কাকে বলেছে? একথা কেন বলা হয়েছে আলোচনা কর।
- ১৯। ‘টিনের তলোয়ার’ নাটকের ময়না কটি প্রতিবাদদৃশ্য চরিত্র – সংশ্লিষ্ট নাটক অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ কর।
- ২০। উৎপল দত্তের ‘টিনের তলোয়ার’ নাটকের নামকরণের সার্থকতা বিচার কর।
- ২১। মাইকেল মধুসূদন দত্তের ‘বুড়ো সালিকের ঘাড়ে রোঁ’ প্রহসনে ভক্তপ্রসাদের চরিত্রটি কতদূর বিশ্বাসযোগ্য হয়ে উঠেছে বিচার কর।
- ২২। ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনে মাইকেল মধুসূদন দত্ত তদানীন্তন যুগ-সমাজের যে চিত্র এঁকেছেন তার বাস্তবতা ও গ্রহণযোগ্যতা বিচার কর।
- ২৩। ‘আমি শুনেছি এই পথ দিয়ে তাকে নিয়ে গেল, ঐ গোরীশিখরের পশ্চিমে – সেখানে আমার দৃষ্টি পৌঁছয় না’ – কে একথা বলেছে? কার সম্পর্কে এই উক্তি করা হয়েছে? উক্তিটির প্রাসঙ্গিকতা কি?
- ২৪। ‘সাঁঝের বেলায় দোকানে স্বালবেন। ওপরে বেল-লর্নন, দেয়ালে দেয়ালগিরি আর মেজেতে এই নবাবী হতির রোশেনাই।’ – কে বলেছে? কাকে বলেছে? কেন বলেছে?
- ২৫। ‘টিনের তলোয়ার’ নাটকের আবেদন একালেও কতটা প্রাসঙ্গিক তা আলোচনা কর।
- ২৬। ‘এ প্রসাদ নেবো না, তোমাকে আর পূজোই করব না কোনোদিন।’ বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন? উক্তিটির তাৎপর্য কি?
- ২৭। যে কোন দুটি বিষয় সম্পর্কে আলোচনা কর।
অ) জোড়াসাঁকো নাট্যশালা আ) বাগবাজার অ্যামেচার থিয়েটার ই) নাট্যনিয়ন্ত্রণ বিল ঙ) লেবেডফ ও বেঙ্গলী থিয়েটার

- ২৮। ন্যাশনাল থিয়েটারের সূত্রপাত কীভাবে হয়? এই থিয়েটারের প্রথম পর্বের ইতিহাস ও অভিনয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করে বঙ্গীয় নাট্যশালার ইতিহাসে এর তাৎপর্য ও গুরুত্ব কতখানি তা দেখাও।
- ২৯। ট্র্যাজেডির সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি সম্পর্কে আলোচনা কর। একটি সার্থক বাংলা ট্র্যাজেডি নাটকের বিস্তারিত পরিচয় দাও।
- ৩০। ‘মুক্তধারা’ নাটকের রণজিৎ চরিত্রটির পূর্ণাঙ্গ বিশ্লেষণ কর।

পঞ্চম পত্র

- ১। আখ্যান কাব্য ও গাথা কাব্যের সংজ্ঞা লেখো। এই দুই কাব্যের পার্থক্য নির্দেশ করে একটি বাংলা আখ্যান কাব্যের পরিচয় দাও।
- ২। উদাহরণ সহ যে কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা কর।
আদি মহাকাব্য, গীতিকাব্য, পত্রকাব্য
- ৩। ‘নবজাগ্রত মূল্যবোধের প্রভাবে কেঁকরী ও শূর্ণনখা নতুন ব্যক্তিত্ব নিয়ে বীরঙ্গনা কাব্যে আবির্ভূত হয়েছেন’ – আলোচনা কর।
- ৪। ‘বীরঙ্গনা’ কাব্যের নামকরণ কতদূর সার্থক হয়েছে বিচার কর।
- ৫। ‘ঋতুকুলবালা আমি; ঋতুকুল-বধু;
কেমনে এ অপমান সব ধৈর্য ধরি?
ছাড়িব এ পোড়া প্রাণ জাহ্নবীর জলে,’ – কোন্ পত্রিকার অংশ? ‘অপমান’ বলতে কী বোঝানো হয়েছে? ‘জাহ্নবী’ শব্দের অর্থ কী?
- ৬। ‘নিরুদ্দেশ যাত্রা’ কবিতায় সৌন্দর্যবোধ ও রহস্যময়তার যে মিলন ঘটেছে তার মূল্যায়ন কর।
- ৭। ‘আমাদেরি কুটিরকাননে
ফুটে পুষ্প, কেহ দেয় দেবতা-চরণে
কেহ রাখে প্রিয়জন-তরে’ – কোন্ কবিতার অংশ? উদ্ধৃতি অংশটির তাৎপর্য লেখো।
- ৮। ‘যেতে পারি কিন্তু কেন যাব’ কবিতায় মৃত্যুচেতনাকে অতিক্রম করে জেগে ওঠে বাঁচার আনন্দ। – আলোচনা কর।
- ৯। ‘দেখে কোমল ব্যথার সারি
অশ্রুসিক্ত সজল রথে,
মোমের মত সাধগুলি মোর
বিছিয়ে দিলাম আঙার-পথে।’ – কোন্ কবিতার অংশ? কবির নাম লেখো। ‘আঙার-পথে’ বলতে কবি কী বুঝিয়েছেন?
- ১০। নিম্নলিখিত অংশটির কাব্যশৈলী বিচার কর।
আর কি লিখিবে দাসী? সুপন্ডিত তুমি
ক্ষম ভ্রম; ক্ষম দোষ – কেমনে পড়িব
কি কহিল পোড়া মনঃ, হয়, কি লিখিল
লেখনী? আইস, নাথ, এ মিনতি পদে।
লিখিনু লেখেন বসি একাকিনী বনে,
কাঁপি ভয়ে- কাঁদি থেদে- মরিয়া শরমে।
লয়ে ফুলবৃন্ত, কাল, নয়ন-কাজলে
লিখিনু! ক্ষমিও দোষ, দয়াসিন্ধু তুমি।
আইলে দাসীর পাশে, বুঝিব ক্ষমিলে
দোষ তার, তারানাথ? কি আর কহিব?
জীবন মরণ মম, আজি তব হাতে।
- ১১। উদাহরণ সহ যে কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা কর।
আলংকারিক মহাকাব্য, শোক গীতি, আখ্যানকাব্যের সংজ্ঞা ও পরিচয়
- ১২। ‘বীরঙ্গনা কাব্য’-র নারী চরিত্রগুলি নির্মাণে উনিশ শতকীয় বঙ্গীয় নবজাগরণের প্রভাব কতটা তা আলোচনা করে বুঝিয়ে দাও।
- ১৩। রবীন্দ্রনাথের ‘সোনার তরী’ কাব্যের বৈষ্ণব কবিতা’য় লৌকিক প্রেম অলৌকিক ব্যঞ্জনা লাভ করেছে – আলোচনা করে দেখাও।

- ১৪। ‘চিরবিদ্রোহের বাণীই কবি নজরুল ইসলামের ‘বিদ্রোহী’ কবিতায় ধ্বনিত। কবির এই বিদ্রোহ গভীর মাননপ্রেম থেকেই সঞ্চারিত।’ মন্তব্যটির যথার্থ্য বিচার করো।
- ১৫। ‘দারিদ্র্য’ কবিতায় কবি ঞরুল বলেছেনঃ ‘উন্নত করিছ শির যার মাথা নীচু’ – কবির কোন্ মানসিকতা এখানে প্রকাশ পেয়েছে? তাঁকে দুঃখবাদী বলা যায় কিনা আলোচনা করে দেখাও।
- ১৬। ইতিহাস ও কল্পলোকের মিশ্রণে কবি শঙ্খ ঘোষ সৃষ্টি করেছেন এক কল্পজগৎ। ‘বাবরের প্রার্থনা’ কবিতাটির বিষয়বস্তুর পরিপ্রেক্ষিতে কবির সেই কল্পজগতের পরিচয় দাও।
- ১৭। জীবনানন্দের ‘সুচেতনা’ কবিতায় কবির সমাজ সচেতনতার এবং কালচেতনার যে পরিচয় পাও তা তোমার নিজের ভাষায় আলোচনা কর।
- ১৮। নিম্নলিখিত অংশটির কাব্যশৈলীর বিচার কর।
 যত চাও তত লও তরনী ’পরে
 আর আছে? আর নাই দিয়েছি ভরে।
 এতকাল নদীকূলে
 যাহা লয়ে ছিনু ভুলে
 সকলই দিলাম তুলে
 ধরে বিথরে –
 এখন আমারে লহো করণা ক’রে।
 ঠাই নাই, ঠাই নাই – ছোটো সে তরী
 আমারই সোনার ধানে গিয়েছে ভরি।
 শ্রাবণগগন ঘিরে
 ঘনমেঘ ঘুরে ফিরে,
 শূণ্য নদীর তীরে
 রহিনু পড়ি –
 যাহা ছিল নিয়ে গেল সোনার তরী।।
- ১৯। গীতিকাব্য কাকে বলে? গীতিকবিতার বিভিন্ন শ্রেণীগুলি কী কী? বাংলা ভাষার একজন প্রধান গীতিকবির রচনা বৈশিষ্ট্য আলোচনা কর।
- ২০। ‘পরম অধর্মাচারী রঘুকুলপতি’ ... কেকয়ীর এই অভিযোগ উক্ত চরিত্রটিকে কীভাবে প্রতিবাদী নারীতে পরিণত করেছে সংশ্লিষ্ট পত্রটি আলোচনা করে দেখিয়ে দাও।
- ২১। ‘নিরুদ্দেশ যাত্রা’ কবিতায় কবির যে সৌন্দর্যভাবনা প্রকাশ পেয়েছে তার সম্যক পরিচয় দাও।
- ২২। বীরঙ্গনা কাব্যের নায়িকা চরিত্রগুলির উপরে পাশ্চাত্য প্রভাব কতখানি ক্রিয়াশীল হয়েছে, সে বিষয়ে আলোচনা কর।
- ২৩। ‘আমার কৈফিয়ৎ’ কবিতায় সমকালীন ঘটনাবলীর প্রেক্ষিতে নজরুল ইসলামের যে বিদ্রোহী ভাবনা প্রকাশ পেয়েছে সে বিষয়ে আলোচনা কর।
- ২৪। সুভাষ মুখোপাধ্যায় রচিত ‘বধূ’ কবিতাটির মর্মার্থ বিশ্লেষণ করো। প্রসঙ্গত রবীন্দ্রনাথের ‘বধূ’ কবিতাটির সঙ্গে ঐ কবিতাটির একটি তুলনা করো।
- ২৫। ‘মালতীবালা বালিকা বিদ্যালয়’ কবিতায় কথকের দৃষ্টিভঙ্গীতে কৈশোর প্রেমের বেদনা কীভাবে প্রকাশিত হয়েছে আলোচনা কর।

ষষ্ঠ পত্র

- ১। ‘পুতুল বই তো নই আমরা, একজন আড়ালে বসে খেলাচ্ছন’ – এই উক্তিটির আলোকে ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসের নামকরণটি যথার্থ্য কিনা বিচার করো।
- ২। সেনদিদি মূল নারীচরিত্র না হলেও উপন্যাসে অত্যন্ত গুরুত্বপূর্ণ – আলোচনা কর।
- ৩। ‘অরণ্যের অধিকার’ উপন্যাসের ‘উপসংহার’ অংশটির যৌক্তিকতা বিচার কর।
- ৪। ‘ধরতি আবা’ হয়ে ওঠার পথে বীরসার জীবন নানান পর্বের মধ্যে দিয়ে অতিবাহিত হয়েছে। তার সেই চলার পথটির পরিচয় দিয়ে ‘ধরতি আবা’ হয়ে ওঠার কারণ নির্দেশ কর।
- ৫। ‘ল্যাবরেটরী’ গল্পের সোহিনী এক অতুলনীয় সৃষ্টি – বিচার কর।

- ৬। ‘পয়লা নম্বর’ গল্পের নায়িকা অনিলার প্রতিবাদ কীসের বিরুদ্ধে ছিল? এই সূত্রে স্বামীকে ও সীতাংশুকে একই চিঠি দেবার তাৎপর্য বিশ্লেষণ কর।
- ৭। ‘চুয়াচন্দন’ গল্পটির মানবিক আবেদন যুক্তিসহ বিচার কর।
- ৮। ‘ফসিল’ গল্পে মুখার্জি – চরিত্রটির বিচার কর।
- ৯। ‘অশ্বমেধের ঘোড়া’ গল্পটির নামকরণের এই অভিনব স্বপ্ন কেন – আলোচনা কর।
- ১০। ‘অন্তঃসলিলা’ গল্পের মনস্তাত্ত্বিক পরিপ্রেক্ষিতটি বিশ্লেষণ করে দেখাও।
- ১১। ‘বিন্দুরও পরিবর্তন হইয়াছিল, এও পরিবর্তন’ – কে একথা বলেছে? বিন্দুর কী পরিবর্তন হয়েছিল? এখন কোন পরিবর্তনের কথা বলা হয়েছে?
- ১২। ‘আকাশে মেঘ কমে নদীর জল বাড়ে – নইলে কি জগৎ চলে ছোটোবাবু?’ – বক্তা কে? কথাটির তাৎপর্য কি?
- ১৩। ‘কিছুই ফুরোয় না পৃথিবীতে.. সংগ্রামও ফুরোয় না, শেষ হতে পারে না’ – প্রাসঙ্গিক উল্লেখসহ তাৎপর্য বিচার কর।
- ১৪। ‘মা না জেনে তোমার ওপর অত্যন্ত অন্যায় আমি করেছিলাম, আজ তারই শাস্তি আমাকে নিতে হবে’ – কে কী অন্যায় করেছিল? শাস্তিটি কী ছিল?
- ১৫। ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসটিতে যেভাবে অন্তর্ভুক্তবতার বিষয়টি রূপায়িত হয়েছে, তা উপযুক্ত উল্লেখসহ বিশ্লেষণ কর।
- ১৬। ‘অরণ্যের অধিকার’ উপন্যাসের গঠনে ধানী মুন্ডা চরিত্রটির একটি বিশেষ ভূমিকা রয়েছে – আলোচনা কর।
- ১৭। রবীন্দ্রনাথের ‘সুভা’ অবলম্বনে সুভা চরিত্রটির মূল্যায়ন কর।
- ১৮। এক তরুণের ভালোবাসা আর আত্মোৎসর্গ, ভুল করা আর জীবন দিয়ে তা সংশোধনের অপূর্ণ কাহিনী হিসাবে ‘মেঘমল্লার’ ছোটগল্পটির সার্থকতা বিচার করো।
- ১৯। ‘টোপ’ গল্পের নামকরণ কতদূর সঙ্গতিপূর্ণ তা আলোচনা কর।
- ২০। ‘ক্ষুধিত পাষণ’ গল্পটির গঠন কৌশল সম্পর্কে আলোচনা কর।
- ২১। ‘আদাব’ দাঙ্গার পটভূমিতে রচিত সাম্প্রদায়িক সম্প্রীতি ও মানবতাবোধের গল্প। – ‘আদাব’ গল্পটি অবলম্বনে বক্তব্যটি পরিস্ফুট কর।
- ২২। ‘...আমার পরমায়ুর সমস্ত দিন-রাত্রির মধ্যে সেই একটিমাত্র রাত্রিই আমার তুচ্ছ জীবনের একমাত্র চরম সার্থকতা’ – উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর।
- ২৩। ‘কি এ সুখ তাঁর অদৃষ্টে টিকিল না’ – উদ্দিষ্ট ব্যক্তিটি কে? কোন্ সুখ তাঁর অদৃষ্টে কেন টিকিল না?
- ২৪। ‘আমি সত্যই খ্রিস্টান নই গো বাপ’ – কার উক্তি? এই উক্তির তাৎপর্য বিশ্লেষণ কর।
- ২৫। ‘...এই দুই যুবক যুবতী ভাঙাচোরা বাড়িটার তিনতলার একটা অন্ধকার ঘরে সারারাত্রি তন্দ্রাহীন নির্ধূম চোখে নিঃশব্দে বসে থেকে সূর্যোদয়ের প্রতীক্ষা করতে লাগল’ – এই উদ্ধৃতাংশের ভিত্তিতে ‘এখন প্রেম’ গল্পের অভিমুখটি আলোচনা কর।

সপ্তম পত্র

- ১। প্রবন্ধের শ্রেণীবিভাগের উল্লেখসহ ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধের পরিসরে লেখকের ব্যক্তিমন ও শিল্পীসত্তা কীভাবে অভিব্যক্তি লাভ করে উপযুক্ত উদাহরণসহ তা বুঝিয়ে দাও।
- ২। যে কোনো দুটি বিষয়ে আলোচনা কর।
ডায়েরী, ভ্রমণ সাহিত্য, পত্রসাহিত্য, রম্যরচনা
- ৩। ‘একা – কে গায় ওই’ রচনায় কমলাকান্ত কীভাবে জীবনে একাকিত্বের নৈরাশ্য থেকে সর্ব-মানবপ্রীতির চেতনায় এসে পৌঁছেছে তা বুঝিয়ে দাও।
- ৪। ‘ছিন্নপত্র’-এ বর্ণিত রবীন্দ্রনাথের জীবন-অভিজ্ঞতা তাঁর তৎকালীন সাহিত্য সৃষ্টিকে কীভাবে প্রাণিত করেছে তা আলোচনা কর।
- ৫। রম্যরচনা কোন্ গুণে রমণীয় হয়ে ওঠে? রম্যরচনা ও লঘুরচনা কি এক জাতের? বাংলা সাহিত্যের একজন সফল রম্যরচনাকার সম্পর্কে আলোকপাত কর।
- ৬। ব্যক্তিগত প্রবন্ধ বলতে কী বোঝায়? ব্যক্তিগত প্রবন্ধের একটি নির্দেশসহ তার বৈশিষ্ট্যের পরিচয় দাও।
- ৭। ‘সবুজপত্র’র কাল তখনও বহুদূর। অথচ ১৮৯৫ সালের মধ্যে লিখিত ‘ছিন্নপত্র’র মধ্যে রবীন্দ্রনাথ চলিত গদ্যের আশ্চর্য নৈপুণ্য দেখালেন। – দৃষ্টান্তসহ এই নৈপুণ্যের পরিচয় দাও।
- ৮। নিম্নলিখিত যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর।
ক) মধ্যযুগের বাংলা কাব্যে নারী

- খ) প্রবন্ধ-শিল্পী বঙ্কিমচন্দ্র
 গ) বাংলা রাজনৈতিক উপন্যাস
 ঘ) সাহিত্যের অগ্রগতিতে সাময়িকপত্রের ভূমিকা
 ঙ) স্বাধীনতা-পরবর্তী বাংলা কবিতা

- ৯। ‘রূপকথার বিরুদ্ধে প্রাপ্তবয়স্কদের প্রধান অভিযোগ - ইহার অলীকতা ও অবাস্তবতা’। লেখক কীভাবে এই অভিযোগ খন্ডন করেছেন তা লেখো। মানুষের জীবনে রূপকথার প্রভাব সম্পর্কে লেখকের মতামত ব্যক্ত কর।
- ১০। ‘ঈশ্বরচন্দ্র গুপ্ত’ প্রবন্ধে লেখক যেভাবে সংশ্লিষ্ট কবির কাব্য-কৃতির মূল্যায়ন করেছেন তা নিজের ভাষায় লেখ।
- ১১। ‘বিড়াল’ প্রবন্ধে অবলম্বনে বঙ্কিমচন্দ্রের সমাজভাবনার পরিচয় দাও।
- ১২। ‘ছিন্নপত্র’এর পাঠ্য অবলম্বনে রবীন্দ্রনাথের মর্ত্যপ্ৰীতির পরিচয় দাও।
- ১৩। “.....স্কুল কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের সর্বস্তরেই শিক্ষার বাহন হিসাবে মাতৃভাষা ব্যবহারের সময় এসে গেছে” - কোন্ প্রসঙ্গে লেখক এই কথা বলেছেন? বিদেশি ভাষায় শিক্ষা গ্রহণ করার কোন্ অসুবিধার কথা লেখক উল্লেখ করেছেন? মাতৃভাষা ব্যবহার প্রসঙ্গে লেখক জাপানের যে অভিজ্ঞতার কথা বলেছেন, তা সংক্ষেপে লেখো।
- ১৪। ভ্রমণ সাহিত্যের প্রধান লক্ষণগুলি উল্লেখ করো। একটি উপযুক্ত ভ্রমণ কাহিনি অনুসরণে এই লক্ষণগুলি স্পষ্ট করো।
- ১৫। একালের সাহিত্য সমালোচনার যে কোনো দুটি পদ্ধতি দৃষ্টান্তসহ আলোচনা কর।
- ১৬। বঙ্কিমচন্দ্রের ‘আমার মন’ প্রবন্ধটির আপাত লঘু ভাবটি জীবনের সত্যানুসন্ধানের একটি প্রধান উপায়। - রচনাটি অবলম্বনে আলোচনা কর।
- ১৭। ‘ছিন্নপত্র’ গ্রন্থে পদ্মাতীরের মানবজীবন কেমনভাবে ধরা পড়েছে তা পাঠ্য প্রবন্ধে অবলম্বনে লেখো,
- ১৮। সোভিয়েত ইউনিয়নের বিস্ময়কর প্রগতির মূল পরিকল্পনা সূত্রগুলি নির্দেশ করো। প্রাথমিক ভাবে সেখানে সাফল্য এলেও জায়গায় অঙ্ক মেলেনি। কৃষির ক্ষেত্রে সেখানে প্রধান দুটি ভুল কী হয়েছিল বলে লেখক মনে করেন, তা বিশদভাবে বুঝিয়ে দাও।
- ১৯। ‘যে দেশে বহু ধর্ম বহু ভাষা’ প্রবন্ধে বহু ভাষা ও সম্প্রদায়ে বিভক্ত ভারতের ভাষা সমস্যা সমাধানে ও সংহতি বিধানে প্রাবন্ধিক যে পথ নির্দেশ করেছেন তার সংক্ষিপ্ত আলোচনা করো এবং এই বিষয়ে তোমার নিজস্ব অভিমত দাও।
- ২০। পত্র কোন্ কোন্ বৈশিষ্ট্যে সাহিত্যিক কোলীন্য অর্জন করে? পত্রের মধ্যে কীভাবে শিল্পী-ব্যক্তিত্বের প্রকাশ ঘটে তা দৃষ্টান্তসহ ব্যক্ত করো।
- ২১। সংক্ষিপ্ত পরিচয় দাও। (যে কোন দুটি)
 তুলনামূলক সমালোচনা পদ্ধতি
 রম্যরচনা
 ভ্রমণ সাহিত্য
- ২২। ‘কমলাকান্ত একাধারে কবি, দার্শনিক, সমাজশিক্ষক, রাজনীতিজ্ঞ ও স্বদেশপ্রেমিক’ - ‘কমলাকান্তের দপ্তর’ -এর পাঠ্য প্রবন্ধগুলি অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।
- ২৩। “কি বিপুল অপচয় আমাদের জাতীয় প্রয়াসের” - কোন্ অপচয়ের কথা এখানে বলা হয়েছে, তা কী অর্থে অপচয় এবং অপচয় এড়ানোর উপায় কী? নালন্দা-তক্ষশিলার শিক্ষাদর্শনকে প্রাবন্ধিক কেন ক্ষতিকর ভেবেছেন, তা বুঝিয়ে দাও।
- ২৪। আসল পটুয়া ছবি বলতে লেখক কী বুঝিয়েছেন? বাংলার পটুমারা পৌরাণিক জগতকে কীভাবে এই শিল্পে গ্রহণ করেছেন?
- ২৫। ভালো চিঠি লেখার মতো দুরূহ কাজটি রবীন্দ্রনাথ কতটা সফলভাবে সম্পাদন করেছিলেন, ‘ছিন্নপত্র’-র পত্রগুলি অনুসরণ করে বুঝিয়ে দাও।

অষ্টম পত্র

- ১। কালিদাসের নাটকগুলির নাম লেখো। তাদের যে কোনো একটি সম্পর্কে বিস্তারিত আলোচনা কর।
- ২। গীতগোবিন্দম্ কেন কালজয়ী সৃষ্টি যুক্তিসহ ব্যাখ্যা কর।
- ৩। বাণভট্টের ‘কাদম্বরী’ সম্পর্কে নাতিদীর্ঘ প্রবন্ধ লেখ।
- ৪। সংক্ষিপ্ত আলোচনা কর।
 রীতিরান্না কাব্যস্য, বিভাব ও অনুভাব, রসও কাব্যের জগৎ অলৌকিক মায়ার জগৎ
- ৫। ‘সাহিত্যের বিচারও সাহিত্যের সৃজন’ - মন্তব্যটি রবীন্দ্রনাথের সাহিত্যের বিচারক অনুসন্ধানের পক্ষে কতখানি যুক্তিযুক্ত বলে মনে কর- আলোচনা কর।
- ৬। “কাব্যের আত্মা বাচ্য নয়, ব্যঞ্জনা: কথা নয়, ধ্বনি, রসধ্বনি” - আলোচনা কর।

- ৭। ‘মুছকটিক’ নাটকের কাহিনি সংক্ষেপে লিখে এই নাটককে ‘আধুনিক’ বলার কারণগুলি বিশ্লেষণ কর।
- ৮। ট্র্যাজেডি রচনায় শেকসপীয়ারের কৃতিত্ব বিচার করে বাংলা ট্র্যাজেডি নাটক রচনায় শেকসপীয়ারের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।
- ৯। যে কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা কর।
কাদম্বরী, গীতগোবিন্দমের ভাষা, অভিজ্ঞানশকুন্তলম, বিক্রমোর্বশী, হর্ষচরিত
- ১০। ‘আধুনিক জীবনের অবক্ষয় ও পরিবর্তিত মূল্যবোধের অসামান্য চিত্রণ ঘটেছে এলিয়টের কবিতায়’ – আলোচনা কর।
- ১১। কবি মহাদেবী বর্মার কাব্যের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করে হিন্দি কাব্য আন্দোলনে তাঁর ভূমিকার মূল্যায়ন কর।
- ১২। ‘অন্তরের জিনিসকে বাহিরের, ভাবের জিনিসকে ভাষার, নিজের জিনিসকে বিশ্বমানবের এবং ক্ষণকালের জিনিসকে চিরকালের করিয়া তোলা সাহিত্যের কাজ।’ – বিশ্লেষণ কর।
- ১৩। ‘এইজন্যই কবি যখন কাব্যের ভাষাকে রসের মূর্তিতে রূপান্তর করেন, তখন তিনি ভাবে লৌকিক পরিমিতত্বকে ছাড়িয়ে ওঠেন’ – ‘লৌকিক পরিমিতত্ব’ বলতে কী বোঝানো হয়েছে? ছাড়িয়ে ওঠার প্রয়োজন হয় কেন বিশ্লেষণ কর।
- ১৪। বাণভট্ট সংস্কৃত সাহিত্যের কোন্ শাখা অবলম্বনে সাহিত্যসৃষ্টি করেছিলেন? তাঁর রচিত গ্রন্থগুলির নাম কী? বাণভট্টের কবি প্রতিভার পরিচয় দাও।
- ১৫। যে কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা কর।
মেঘদূত, মালতীমাধব, মুছকটিক, মহাবীরচরিত, ঋতুসংহার
- ১৬। “কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয় – সহৃদয় কাব্য পাঠকের মন” – ‘সহৃদয় কাব্যপাঠক’ বলতে কী বোঝানো হয়েছে? সহৃদয় কাব্যপাঠকের মনে কীভাবে কাব্যরস সৃষ্ট হয় তা আলোচনা কর।
- ১৭। ঔপন্যাসিক রূপে চার্লস ডিকেন্সের কৃতিত্বের পরিচয় দাও।
- ১৮। কোন্ কোন্ বৈশিষ্ট্যের জন্য বার্গার্ড শ-কে আধুনিক যুগের শ্রেষ্ঠ নাট্যকার বলা যায় আলোচনা কর।
- ১৯। ছায়াবাদ কী? ছায়াবাদী কবি হিসাবে ‘নিরলা’র মূল্যায়ন কর।
- ২০। “অপরাধকে রূপের দ্বারা ব্যক্ত করিতে গেলে বচনের মধ্যে অনির্বচনীয়তাকে রক্ষা করা চাই” – প্রসঙ্গ নির্দেশ সহ বিষয়টি আলোচনা কর।
- ২১। শূদ্রকের নাটকগুলি সম্পর্কে আলোচনা কর। কালিদাস-পরবর্তী নাট্যকার হিসাবে তাঁর বৈশিষ্ট্য ব্যাখ্যা কর।
- ২২। স্কটের ঔপন্যাসিক প্রতিভার পরিচয় দাও। বাংলা সাহিত্যে স্কট-রচিত উপন্যাসের স্বীকরণ কতখানি ঘটেছে তা দেখাও।
- ২৩। ঔপন্যাসিক প্রেমচন্দ্রের স্বাতন্ত্র্যের পরিচয় দাও। বাংলা সাহিত্যের তাঁর উপন্যাসের প্রভাব কতটা পড়েছে তা লেখো।
- ২৪। “এক রস অন্য রসে ব্যভিচারীর কাজ করে” – কীভাবে একটি রস অন্য রসের ব্যভিচারী হয় আলোচনা কর।
- ২৫। “সাহিত্যের বিষয় মানবহৃদয় ও মানবচরিত্র” – কীভাবে সাহিত্যের বিষয় মানব মন ও চরিত্রের যুগলবন্দী হয়ে ওঠে তা দেখাও।